

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : পারভীন আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা।
তারিখঃ : ০৮/১১/২০২১ খ্রি.
সময় : বেলা ১০.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ হলরুম
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১। আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বই উৎসব	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল পাবলিক পরীক্ষা সুষ্ঠুভাবে শেষ হয়ে গেছে। আগামী জানুয়ারির এক তারিখে সারা দেশে বই উৎসব অনুষ্ঠিত হবে। ওই দিন সকল ছাত্র-ছাত্রীদের হাতে নতুন বই তুলে দেয়া হবে। বই উৎসব সফল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে সকল প্রকার প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০২	শিক্ষকদের প্রশিক্ষণ বিষয়ক প্রকল্প গ্রহণ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলার শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে মাধ্যমিক স্তরের গণিত ও ইংরেজি বিষয়ের সকল শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা জরুরী। এ জন্য তিনি উপজেলা পরিষদ তহবিল হতে প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ তহবিল হতে শিক্ষকদের প্রশিক্ষণ বিষয়ক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



(পারভীন আক্তার)
সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুর্গাপুর, নেত্রকোণা।